# উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যাডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩১/০৩/২০২২খ্রিঃ। সভার সময় ঃ দুপুর- ১.১৫ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | সভাপতি সভায় জানান যে, উপজেলা বিভিন্ন দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বৃত্তি প্রদান করা যায়। দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তি প্রদানের ব্যবস্থার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বৃত্তি প্রদানের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা বিভিন্ন মাধ্যমিক ও মাদ্রাসার ভবন নিমার্ণের প্রয়োজন এবং বিভিন্ন মাধ্যমিক ও মাদ্রাসার ভবন মেরামত/সংস্কারের প্রয়োজন রয়েছে। উপজেলা পরিষদের প্রকল্পের মাধ্যমে মেরামত/সংস্কার করা দরকার। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন মাধ্যমিক ও মাদ্রাসার ভবন উপজেলা পরিষদের প্রকল্পের মাধ্যমে নিমার্ণ ও মেরামত/সংস্কার করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৩। | সভাপতি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও মহা বিদ্যালয়ে স্কাউট, গানবাজনার সরনযাম ও খেলাধুলার সরনজামের ব্যবস্থা করতে হবে। উপজেলা ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের অতিব প্রয়োজন। কারণ এই ব্যবস্থা না করা হলে উপজেলা কিশোর ছাত্র-ছাত্রীদের মানশিক বিকাশ রোপ পাচ্ছে। এই বিষয়ে সন্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদনের মাধ্যমে অবগত করতে হবে এবং পরিষদ সভায় উপস্থাপন করা অতিব প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও মহা বিদ্যালয়ে স্কাউট, গানবাজনার সরনযাম ও খেলাধুলার সরনজামমের ব্যবস্থা করতে হবে। উপজেলা ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৪। | চেয়ারম্যান দামোদরপুর ইউপিসভায় জানান যে, উপজেলা বিভিন্ন মাধ্যমিক স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার ব্যবস্থা নাই। বিশেষ করে গ্রামের স্কুল কলেজে বিনোদন ও খেলাধুলার সরনজাম নাই বিধায় ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার আগ্রহ থাকলেও তারা কোন রোকম সুজগ পাচ্ছে না। এই বিষয়ে সুন্দর সমাধানের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন সরকারি/বেসরকারি স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার ব্যবস্থা নাই। বিশেষ করে গ্রামের স্কুল কলেজে বিনোদন ও খেলাধুলার সরনজাম সরবরাহের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | চেয়ারম্যান লোহানীপাড়া ইউপি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মহা বিদ্যালয়ে স্কাউট , গান-বাজনার সরনযাম ও খেলাধুলার সরনজামমের ব্যবস্থা করতে হবে। উপজেলা ছাত্র-ছাত্রীদের বিনোদন ও খেলাধুলার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের অতিব প্রয়োজন। বিশেষকরে উপজেলা পরিষদের বা কলেজ/স্কুলের জায়গায় বিনোদন ও খেলাধুলার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মহা বিদ্যালয়ে স্কাউট , গান-বাজনার সরনযাম ও খেলাধুলার সরনজামমের ব্যবস্থা করতে এবং বিশেষকরে উপজেলা পরিষদের বা কলেজ/স্কুলের জায়গায় বিনোদন ও খেলাধুলার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তাজুল ইসলাম)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ২০২২- (২১)

তারিখ ঃ ৩১/০৩/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৭-৮। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৯। উপজেলা ....................................অফিসার, বদরগঞ্জ, রংপুর।
১০। চেয়ারম্যান,...................................................ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব ..........................................সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
১২। অফিস নথি।

(আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াহিদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।